Office of the Director (Finance & Accounts)
University of Barishal
Phone: 0431-2177431, Cell: +8801716-347927
Pabx: 0431-2177770-78 (Ex-1150), Fax: 0431-61827
web: www.bu.ac.bd
E-mail: director-finance@ bu.ac.bd

অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, মোবা: +৮৮০১৭১৬-৩৪৭৯২৭
পিএবিএক্স: ০৪৩১-২১৭৭৭৭০-৭৮ (Ex-১১৫০), ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: www.bu.ac.bd
E-mail: director-finance@bu.ac.bd

স্মারক নং বিইউ/অর্থ ও হিসাব/মূল্য সংযোজন কর-আপলোড /২০২৪-২৫/ ৭৮৫৪

তারিখঃ ২৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১২ জানুয়ারী ২০২৫ খ্রিঃ

পরিচালক,
নেটওয়ার্ক এন্ড আইটি অফিস,
বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল।

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রকাশিত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার প্রজ্ঞাপন ওয়েবসাইটে আপলোড প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এস.আর.ও.নং -১৩আইন/২০২৫/২৬৭-২৭৩ মূসক। তারিখঃ ০৯ জানুয়ারী- ২০২৫ খ্রিঃ মোতাবেক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার সম্পর্কীত প্রকাশিত প্রজ্ঞাপনটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১২/১/২০২৫

অতিঃ পরিচালক (অর্থ ও হিসাব)
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৯ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮-আইন/২০২৫/২৭২-মূসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৭০-আইন/২০২৩/২১১-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) অনুচ্ছেদ ১ এ উল্লিখিত "আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক" শব্দগুলির পরিবর্তে "১০ শতাংশের অতিরিক্ত সম্পূরক শুল্ক" সংখ্যা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) অনুচ্ছেদ ৭ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৭। দফা (৬) এ বর্ণিত অভিযোগ চূড়ান্তভাবে প্রতিষ্ঠিত হইলে অপব্যবহারজনিত রেয়াতের সহিত সংশ্লিষ্ট শুল্ক ও কর আদায় ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলের ক্রমিক নং ৮ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৯ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৯-আইন/২০২৫/২৭৩-মূসক।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর ছকের পরিবর্তে নিম্নরূপ ছক প্রতিস্থাপিত হইবে, যথা:—

"ছক

ক্রমিক নং	সেবার কোড	সেবার বিবরণ	মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)	(৪)
০১.	S০০১.১০	এসি হোটেল	১৫%
	S০০১.১০	নন এসি হোটেল	১৫%
	S০০১.২০	রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	১৫%
০২.	S০০২.০০	ডেকোরেটর্স ও ক্যাটারার্স	১৫%
০৩.	S০০৩.১০	মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ	১৫%
০৪.	S০০৩.২০	ডকইয়ার্ড	১৫%
০৫.	S০০৪.০০	নির্মাণ সংস্থা	৭.৫%
০৬.	S০০৭.০০	বিজ্ঞাপনী সংস্থা	১৫%
০৭.	S০০৮.১০	ছাপাখানা	১৫%
০৮.	S০০৯.০০	নিলামকারী সংস্থা	১৫%

ক্রমিক নং	সেবার কোড	সেবার বিবরণ		মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)		(৪)
০৯.	S০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা		২%
১০.	S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা	ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত	২%
			খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব	৪.৫%
			গ) যে কোনো সাইজের পুনঃরেজিস্ট্রেশনের ক্ষেত্রে	২%
১১.	S০১৪.০০	ইন্ডেন্টিং সংস্থা		১৫%
১২.	S০১৫.১০	ফ্রেইট ফরোয়ার্ডার্স		১৫%
১৩.	S০২০.০০	জরিপ সংস্থা		১৫%
১৪.	S০২১.০০	প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা		১৫%
১৫.	S০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫%)	৭.৫%
			(খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%)	৭.৫%
১৬.	S০২৮.০০	কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস		১৫%
১৭.	S০৩১.০০	পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং- এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা		১৫%
১৮.	S০৩২.০০	কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম		১৫%
১৯.	S০৩৩.০০	ইজারাদার		১৫%
২০.	S০৩৪.০০	অডিট এন্ড একাউন্টিং ফার্ম		১৫%
২১.	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider)		১০%
২২.	S০৪০.০০	সিকিউরিটি সার্ভিস		১৫%

ক্রমিক নং	সেবার কোড	সেবার বিবরণ	মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)	(৪)
২৩.	S০৪৩.০০	টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী	১৫%
২৪.	S০৪৫.০০	আইন পরামর্শক	১৫%
২৫.	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার (ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে	৫%
		(খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে	১৫%
২৬.	S০৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী	১৫%
২৭.	S০৫০.১০	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর	১৫%
২৮.	S০৫০.২০	গ্রাফিক ডিজাইনার	১৫%
২৯.	S০৫১.০০	ইঞ্জিনিয়ারিং ফার্ম	১৫%
৩০.	S০৫২.০০	শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী	১৫%
৩১.	S০৫৩.০০	বোর্ড সভায় যোগদানকারী	১৫%
৩২.	S০৫৪.০০	উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী	১৫%
৩৩.	S০৫৮.০০	চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী	১৫%
৩৪.	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা	১৫%
৩৫.	S০৬৫.০০	ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা	১৫%
৩৬.	S০৬৬.০০	লটারির টিকিট বিক্রয়কারী	১৫%
৩৭.	S০৬৭.০০	ইমিগ্রেশন উপদেষ্টা	১৫%

ক্রমিক নং	সেবার কোড	সেবার বিবরণ	মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)	(৪)
৩৮.	S০৭১.০০	অনুষ্ঠান আয়োজক	১৫%
৩৯.	S০৭২.০০	মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান	১৫%
৪০.	S০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	৫%
৪১.	S০৯৯.২০	অন্যান্য বিবিধ সেবা	১৫%
৪২.	S০৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)	১৫%
৪৩.	S০৯৯.৫০	ক্রেডিট রেটিং এজেন্সি	৭.৫%

”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিউর রহমান
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd